63

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 04 APR 1996 ...
পৃষ্ঠা 7 কলাম ৭ ......

## পাবলিক লাইব্রেরীটি রক্ষা করা হউক

বরিশাল জেলাধীন গৌরনদী থানার পাবলিক লাইব্রেরীটি বর্তমানে নানা সমস্যায় জর্জরিত। এই লাইব্রেরীতে নিয়মিত সংবাদপত্র রাখা হয় না, টেবিলের উপর যত্রতত্র দুই-চারিটি সাময়িকী থাকে বটে, কিন্তু সেগুলি ধরিয়া হতাশ হইতে হয়। কারণ সাময়িকীগুলি বহু পুরাতন। অথচ কয়েক বছর আগেও অবস্থা ছিল ভিন্ন। নিয়মিত দৈনিক ও সাপ্তাহিক পত্রিকা রাখা হইত। বিকাল হইলেই পাঠানুরাগীরা ছুটিয়া আসিত পত্রিকা পাঠ করার জন্য, আলাপ আলোচনায় জমজমাট হইয়া উঠিত লাইব্রেরী চত্বর। এখন অবস্থা একেবারে উল্টা, পাঠক সমাবেশ নাই। মধ্যে-মধ্যে যাহারা আসেন তাহাদেরও হতাশ হইতে হয়। পূর্বে এই লাইব্রেরীটি সাংস্কৃতিক ব্যক্তিদের দ্বারা পরিচালিত হইত, কিন্তু বর্তমানে রাজনৈতিক ব্যক্তিদের দ্বারা ইহা পরিচালিত হয়। আর ইহাই লাইব্রেরীটির বর্তমান দুরবস্থার কারণ। লাইব্রেরীটিকে ধ্বংসের হাত হইতে রক্ষা করার জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের কৃপা দৃষ্টি কামনা করিতেছি।

—মোঃ আবদুর রহমান, দঃ বিজয়পুর, গৌরনদী, বরিশাল।